



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/10/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো "মাস্ক আপ, আমেরিকা" প্রচারাভিযানের সর্বশেষ সংজোজন হিসেবে নতুন পাবলিক সার্ভিস আনুষ্ঠান চালা করেছেন

"100 বছর আগে, মানুষ বুঝতে পেরেছিল যে মাস্ক পরা বুদ্ধিমানের কাজ। তাহলে মানুষ আজ কেন এটা বুঝতে পারে না?"

PSA 1918 সালের ইনফ্লুয়েঞ্জা বিশ্বব্যাপী মহামারীর আর্কাইভ ফটো ব্যবহার করে মাস্ক পরার নিয়ম মেনে চলা বলবত করার জন্য

জাতীয় PSA প্রচারণা দেশব্যাপী 4 মিলিয়ন আমেরিকানরা দেখেছেন

নতুন PSA-টি দেখতে [এখানে](#) ক্লিক করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি নতুন "মাস্ক আপ, আমেরিকা" (Mask Up, America) পাবলিক সার্ভিস ঘোষণা প্রকাশ করেছেন, যেখানে 1918 সালের ভয়াবহ ইনফ্লুয়েঞ্জা মহামারীর সময় মুখোশের কার্যকর ব্যবহার তুলে ধরা হয়েছে, যা 500 মিলিয়ন মানুষকে আক্রান্ত করেছিল - বিশ্বের জনসংখ্যার এক তৃতীয়াংশ। এই বিজ্ঞাপনে 1918 সালের মহামারীর সময় মুখোশ ব্যবহারের আর্কাইভ করা ছবি তুলে ধরা হয়েছে, যা এই মারাত্মক ভাইরাসের বিস্তার রোধে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, যাতে আজকে আমেরিকানরা মুখোশ পরতে অনুপ্রাণিত হন। COVID-19 মহামারীর সময় মুখোশ পরার গুরুত্ব সম্পর্কে জনগণকে অবগত করার জন্য গভর্নরের চালু করা একটি সিরিজের মধ্যে একটি হল এই নতুন PSA। আজ পর্যন্ত PSA প্রচারাভিযানটি দেশব্যাপী 4 মিলিওনেরও বেশি আমেরিকানরা দেখেছেন।

"সকল তথ্য এবং বিজ্ঞান দেখায় যে মুখোশ কাজ করে, এবং এটা অপরিহার্য যে সবাই একে অপরকে রক্ষা করার জন্য একটি মুখোশ পরিধান করে এবং COVID-19 এর বিস্তার রোধ করে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের বার্তা সহজ: আমি আপনাকে রক্ষা করার জন্য একটি মুখোশ পরি এবং আপনি আমাকে রক্ষা করার জন্য একটি মুখোশ পরেন, এবং আমাদের সমন্বিত "মাস্ক আপ, আমেরিকা" প্রচারাভিযানে ঐতিহাসিক ছবি এবং টার্গেট করা পদ্ধতি ব্যবহার করে, এই নতুন বিজ্ঞাপন জনগণকে শিক্ষিত করতে এবং আরো মুখোশ সম্পর্কিত নিয়ম মেনে চলা বলবত করবে।"

এই নতুন জাতীয় PSA গভর্নর কুওমোর দেশব্যাপী "মাস্ক আপ আমেরিকা" PSA [প্রচারণার](#) অংশ, যার মধ্যে রয়েছেন রবার্ট ডি নিরো, কেইটলিন ডেভার, জেমি ফক্স, মর্গান ফ্রিম্যান, জন লেগুইজামো, অ্যান্থনি ম্যাকি, রোজি পেরেজ, এলেন পম্পেও, পল রুড এবং জেফ্রি রাইট।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)